

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.১৭. ৩৮

তারিখ: ০২ মাঘ ১৪২৪
২৪ জানুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবুল খায়ের ভূঞা, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২.০৪.২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর পূর্বন কয়েক গতে ০৭.১২.২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কমিটির সদস্য হথক্রমে জনাব মোঃ খালেদ হোসেন, মোহাম্মদ আজহারুল্লাহমান ও সুমন কর্মকারকে নিয়ে ২৯/০৩/২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে গিয়ে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রের প্রশ্নপত্রের প্যাকেটসমূহ যাচাই করেন। ঐ দিন তিনি পরীক্ষার অন্যান্য প্রস্তুতিমূলক কাজ করেন; গত ১২/০৪/২০১৭ তারিখে প্রশ্নপত্র আনার জন্য উক্ত শিক্ষকবৃন্দ ০৯:০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে অধ্যক্ষের কক্ষে নিয়ে আসেন। নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে ভারপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে তারা পরীক্ষা কমিটির সকল সদস্যগণ প্রশ্নপত্রের প্যাকেটসমূহ খুলে গুণে কক্ষ ভিত্তিক খামডুককরণের মাধ্যমে কক্ষ প্রত্যবেক্ষকগণের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করেন। পরীক্ষা শুরু হওয়ার সাথে সাথে একটি কক্ষ থেকে কমিটিকে জানানো হয় যে, ঐ কক্ষে কিছু পরীক্ষার্থীর নিকট জীববিজ্ঞান ১ম পত্রের পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তিনি তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র বিতরণ করে যথারীতি পরীক্ষা সম্পন্ন করেন। একসাথে প্রশ্নপত্রের অনেকগুলো প্যাকেট যাচাই করতে গিয়ে দৃষ্টিবিভ্রমবশত: জীববিজ্ঞান ১ম পত্রের প্যাকেটসমূহের সাথে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নের ২০ (বিশ) টির ১টি প্যাকেট চলে আসে। উক্ত তারিখে তিনি ভিন্ন শাখার (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) পাঁচটি ভিন্ন বিষয়ের (পৌরনীতি ও সুশাসন ১ম পত্র-২৬৯; পৌরনীতি ১ম পত্র-১১১; জীববিজ্ঞান ১ম পত্র-১৭৮ ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা ১ম পত্র-২৩১ এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা ১ম পত্র-২৯২) চারটি ভিন্ন সালের সিলেবাসের বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্নপত্র গুনে প্যাকেটে ভরে চৌত্রিশটি কক্ষে পাঠিয়ে নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করতে হয়েছিলো। তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র দিয়ে সুষ্ঠুভাবে পরীক্ষা পালন করা হয়। ঐ দিনের পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন সৃষ্টি হয়নি। পরীক্ষা পরিচালনা একটি দলগত কাজ। দৃষ্টিবিভ্রমজনিত কারণে দলগত কাজে সংঘটিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত ক্ষমা প্রার্থী এবং চরিত্র্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার ব্যক্ত করেছেন। সার্বিক পর্যালোচনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ আবুল খায়ের ভূঞা এর ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত জবাববন্দী ও অ্যাপেল'চা' বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সোহরাব হোসাইন

২৪.০১.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.১৭. ৩৮/২ (৫-)

তারিখ: মাঘ ১৪২৪
জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মোঃ আবুল খায়ের ভূঞা এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজব্রাহ্মণবাড়িয়া।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮। জনাব মোঃ আবুল খায়ের ভূঞা, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।

সোহরাব হোসাইন
২৪/০১/২০১৮
(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬